উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৬/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার, বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ রশিদুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী- এর সভাপতিত্বে জুন/'২০২৪ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

উক্ত সভায় সকল সন্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

০১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
০৩। বিবিধ।

(এম এম আশিক রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোনঃ ০৫৫২৫-৫৬০০১
ই-মেইলঃ unokishoganjnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.০০১.২২- ৪৪২

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ
০৬ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪।
০২। জেলা প্রশাসক, নীলফামারী।
০৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কিশোরগঞ্জ, নীলফামারী।
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কিশোরগঞ্জ, নীলফামারী।
০৫। চেয়ারম্যান,বড়ভিটা/পুটিমারী/নিতাই/বাহাগিলি/চাঁদখানা/কিশোরগঞ্জ/রনচন্ডি/গাড়াগ্রাম/মাগুড়া ইউ.পি, কিশোরগঞ্জ,নীলফামারী।
০৬। ..........................................................................কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদ জুন/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।(১ম সভা)

সভাপতি : জনাব মোঃ রশিদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ০৯ জুন ২০২৪ খ্রিঃ
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবা |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি মৌসুমে আউশ ধানের আবাদ বৃদ্ধি ও কৃষিতে যান্ত্রীকীকরণ করার লক্ষে অত্র উপজেলায় আউশ চাষাবাদ করার পরিকল্পনার প্রেক্ষিতে ২০০ বিঘা জমিতে রাইস ট্রান্সপ্লান্টার দিয়ে চারা রোপন করা হয়েছে। বর্তমানে চলমান বর্ষা মৌসুমে গাছ লাগানোর উপযুক্ত সময়। তাই কৃষদেরকে ফলদ গাছের চারা রোপনের জন্য উদ্ধুদ্ধ করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেল কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা (ভাঃপ্রঃ) সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। স্বাস্থ্য কমপ্লেক্স এ গেটে প্রতিদিন আউডডোর সার্ভিস দেয়ার সময় অনেক অটো রিক্সা, ভ্যান অবৈধভাবে পার্কিং করায় হাসপাতালের শৃঙ্খলা নষ্ট হয়। স্বাস্থ্য সেবা সহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট স |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়নযোগ্য ১১ টি প্যাকেজের কাজ চলমান। প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প এর কাজ চলমান যাহা জুন/২৪ এর মধ্যে সমাপ্ত হবে। প্রস্তাবিত আরও ০৭ (সাত) টি প্রকল্প মিলে ১৮.৪৮ লক্ষ টাকা টেন্ডার/আরএফকিউ গৃহীত হলে দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে (এডিপির) বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প বিধি মোতাবেক বাস্তবায়ন চলমান | ক) উপ প্রকৌশলী সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, গাড়াগ্রাম ইউনিয়নের দলিরাম সরকারী প্রাথমিক বিদ্যালয় ও মাগুড়া ইউনিয়নের মাগুড়া খামাতপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বাউন্ডারী ওয়াল নির্মানের কাজ চলমান। এসএলআইপি কার্যক্রম ভবন নির্মান, উপবৃত্তি কার্যক্রম চলমান আছে। মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের জন্য প্রাথমিক শিক্ষা অফিস অবিরাম কাজ করে যাচ্ছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৫ | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজ সেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে সকল ভাতার পে-রোল ১০০% নিশ্চিত করা হয়েছে। শিশু সুরক্ষা কার্যক্রম চলমান আছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রম পর্যায়ক্রমে চলমান আছে। ক্যান্সার,কিডনি, জন্মগত হৃদরোগ, থ্যালাসেমিয়া, স্ট্রোক,প্যারালাইজড, লিভার সিরোসিস, রোগের চেক বিতরন করা হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসে ও সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, আগামী ১০/০৬/২০২৪ হতে ১৪/০৬/২০২৪ ডিজিটাল প্রযুক্তি ও জীবন ও জীবিকা বিষয়ের উপর ০৪ (চার) দিন এবং ০৫ (পাঁচ) দিন ব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কার্যক্রম কিশোরগঞ্জ বহমুখী মডেল উচ্চ বিদ্যালয় অনুষ্ঠিত হবে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শি অফিস ও সংশ্লিষ্ট সক |
| ০৭ | উপজেলা প্রানী সম্পদ অফিস | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রাসরণ (এপিএ) অনুযায়ী প্রদান তরল সিমেন দ্বারা ১০২.৭৬%, হিমায়িত সিমেন দ্বারা ১২৭.৭১%, গবাদি পশুর (সংখ্যা) ২২১.২৩%, হাঁস মুরগী (সংখ্যা) ৬০.৪%,গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) ৯২.৭৭% ,খামারী প্রশিক্ষণ প্রদান ৯৭.১৪%, পোষাপ্রানীর চিকিৎসা প্রদান ৯৩.৩৩%, উঠান বৈঠক ৯৬.৩'১% ছাড়াও অত্র অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়। | প্রাণী সম্পদ অফিসার ও সংশ্লিষ্ট সক |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের দেশীয় ও ছোট মাছ সংরক্ষণে চায়না দুয়ারী জাল ও কারেন্ট জাল বিরোধী অভিযান অব্যহত আছে এবং এ সকল জালের ব্যবহারের ক্ষতিকর দিক নিয়ে জনসচেতনতা কার্যক্রম চলমান। বিলে নার্সারী স্থাপন কার্যক্রম, মাছের রোগ সম্পর্কিত ও অন্যান্য সমস্যা সম্পর্কিত বিষয়ে পরার্মশ প্রদান এবং ট্রিটমেন্ট প্রদান করা হচ্ছে। পুকুরে পরিদর্শন ও পানি পরীক্ষা কার্যক্রমসহ এপিএ অন্যান্য কার্যক্রম যথাযর্থভাবে পরিচালনা করা হচ্ছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেল মৎস্য ও সংশ্লি সকল |
| ০৯ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থবছরের এপিএ চুক্তি অনুযায়ী জুন/২০২৪ ইং মাসে শেষ হবে অত্র উপজেলায় কার্যক্রম। নতুন উদ্যোক্তা তৈরীর নিমিত্তে চলতি মাসে ০৫ জনকে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। আগামী ২৪-২৫ অর্থ বছরের যুব আত্নকর্মসংস্থানের নিমিত্তে জরীপ কাজ চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ | উপজেল উন্নয়ন কর্মকর্ত |
| ১০ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, অত্র উপজেলা ২১ মে ২০২৪ খ্রি উপজেলা পরিষদ নির্বাচনে আনসার ও ভিডিপির সদস্য ও সদস্যা দায়িত্ব পালন করেছেন। তাদের সম্মানী ভাতা অতি দ্রুত প্রদান করা হবে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেল আনসার ভিডিপি সংশ্লিষ্ট |
| ১১ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমবায় কার্যক্রম সমিতি নিবন্ধন, অডিট, শেয়ার, সঞ্চয় সংগ্রহের প্রশিক্ষণ ইত্যাদি সংগ্রহ করে মূলধন গঠনের মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নের চেষ্টা অব্যাহত রয়েছে। জানুয়ারি২৪ মাসে ২৫ সদস্যকে সমবায় সমিতি পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি গঠনের বিষয়ে ভ্রামমাণ প্রশিক্ষন দেয়া হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেল সমবায় কর্মকর্ত |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলায় ২০২৩-২০২৪ অর্থবছরের সমগ্র দেশে পানি সরবারহ প্রকল্পের আওতায় ২৩৪ টি অগভীর নলকুপ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। কমিউনিটি ভিত্তিক পানি সরবারহ প্রকল্পের ১৮ টি পানি সরবারহের কাজ চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহ প্রকৌশ (জনস্বা |
| ১৩ | উপজেলা বনায়ন | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরে পুটিমারী ইউনিয়নের রাস্তায় দুই দিকে বনায়নের কাজ চলছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেল কর্মকর্ত সংশ্লিষ্ট |
| ১৪ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের সদস্য ভর্তির লক্ষ্যমাত্রার আলোকে অর্জন করা হয়েছে। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ০৪ (চার কোটি) অর্জন মে/২০২৪ পর্যন্ত ৩৫০.০০ (তিন কোটি পঞ্চাশ লক্ষ্য) টাকা। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ | পল্লী দারি বিমোচন কর্মকর্ত সংশ্লিষ্ট |
| ১৫ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের আওতায় লিস্টিং কার্যক্রম চলমান। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | পরিসং অফিস সংশ্লিষ্ট |
| | উপজেলা পরিচালন ও উন্নয়ন | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় উপজেলা পরিষদ কর্তৃক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তত্বাবধানে টেন্ডারের (OTM) এর মাধ্যমে ৬ষ্ঠ পর্যায়ের ২০২১-২২ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প ১। কিশোরগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের গুরুত্বপূর্ণ রাস্তায় সোলার স্ট্রীট লাইট স্থাপন, যার নং **INF-2021-22-557345-01** মোঃ খায়রুল কবীর রানা, এস এম সি রোড, গুপ্তপাড়া, রংপুর ঠিকাদার কর্তৃক সম্পন্ন হয়েছে। এ উপ প্রকল্পের প্রাক্কলিত চুক্তি মূল্য ভ্যাট ও আইটিসহ ২৮৭৯৯৫৪.০০ (আটাশ লক্ষ উনআশি হাজার নয়শত চুয়ান্ন টাকা)। চুক্তিকৃত টাকার মধ্যে ঠিকাদার কর্তৃক ভ্যাট ও আইটিসহ ২৮৭৯৯৫৪.০০ (আটাশ লক্ষ উনআশি হাজার নয়শত চুয়ান্ন টাকা) টাকার বিল দাখিল করেছে। দাখিলকৃত বিলে ভ্যাট ২১৫৯৯৬.০০ টাকা, আইটি ৮৬৩৯৯.০০ টাকা এবং ভ্যাট ও আইটি ব্যতিত ২৫,৭৭,৫৫৯.০০ (পঁচিশ লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত উনষাট মাত্র) টাকা। অনুরুপভাবে ৬ষ্ঠ পর্যায়ের ২০২১-২২ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প ২। ক. উত্তর কালিকাপুর মসলিম শাহী দাখিল মাদ্রাসায় ওয়াশ ব্লক নির্মাণ ও খ. কমিউনিটি পর্যায়ে বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষে গাড়াগ্রাম ইউনিয়নের ০৫ নং ওয়ার্ড পশ্চিম দলিরাম পাহাড়ী পাড়া কেল্টুর বাড়ি নলকূপ স্থাপন, যার নং **INF-2021-22-557345-02** মোঃ মোস্তাফিজুর রহমান, পুরাতন হসপিটাল রোড, নীলফামারী কর্তৃক সম্পন্ন হয়েছে।এ উপ্রকল্পের প্রাক্কলিত চুক্তিমূল্য ১১৪২৩৯১.০০ (এগার লক্ষ বিয়াল্লিশ হাজার তিনশত একানব্বই টাকা)। চুক্তিকৃত টাকার মধ্যে ঠিকাদার কর্তৃক ভ্যাট ও আইটিসহ ক. ৮০৫৪১৮.০০ ও | মোঃ খায়রুল কবীর রানা, এস এম সি রোড, গুপ্তপাড়া, রংপুর এবং মোঃ মোস্তাফিজুর রহমান, পুরাতন হসপিটাল রোড, নীলফামারী ঠিকাদার কর্তৃক সম্পন্নকৃত উপপ্রকল্পদ্বয়ের দাখিলকৃত বিল প্রকল্পের নির্দেশিকা অনুযায়ী অনুমোদন সাপেক্ষে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেল প্রকৌশ সংশ্লিষ্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ. ৩৩৬৬৭৩.০০ মোট (ক+খ) ১১৪২০৯১.০০ (এগার লক্ষ বিয়াল্লিশ হাজার একানব্বই টাকা মাত্র) টাকার বিল দাখিল করেছে। দাখিলকৃত বিলে ভ্যাট ৮৫৬৫৭.০০ টাকা, আইটি ৩৪২৬২.০০ এবং ভ্যাট ও আইটি ব্যতিত ১০২২১৭২.০০ (দশ লক্ষ বাইশ হাজার একশত বাহাত্তর মাত্র) টাকা। উল্লেখিত ঠিকাদার কর্তৃক সম্পন্নকৃত উপপ্রকল্পদ্বয় নিয়ে আলোচনান্তে উপজেলা পরিষদে দাখিলকৃত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রশাসনিক ভবন ও কোয়াটারের অভ্যন্তরে বৈদ্যুতিক সরঞ্জামদি ক্রয় ৬২৩০/-(ছয় হাজার দুইশত ত্রিশ) টাকা, উপজেলা হিসাব রক্ষণ অফিসের লেট্রিন মেরামত করণ ব্যয় ১৭,৪০০/-(সতরো হাজার চারশত) টাকা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ রশিদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishorganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২২- ৪৫৪ (৫০) তারিখঃ ০৯/০৬/২০২৪খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। উপজেলা ........................................ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। চেয়ারম্যান ........................................ (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।

(এম এম আশিক রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী